ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৫১৭

উদয়পুর, ১ জুলাই, ২০২৫

**গোমতী জেলাভিত্তিক ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা শুরু**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বিদ্যালয় শিক্ষা দপ্তর, উদয়পুর পুর পরিষদ এবং গোমতী জিলা পরিষদের সহযোগিতায় উদয়পুর রাজর্ষি হলে আজ শুরু হয়েছে দুইদিনব্যাপী ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা। জেলাভিত্তিক এই নাটক প্রতিযোগিতার উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, শিশুদেরকে নাটকের আঙ্গিনায় নিয়ে আসতে হবে। তাদেরকে নাটকে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করতে হবে। নাটকের মাধ্যমে বাস্তব জীবনের সমস্যাকে তুলে ধরা যায়। তিনি বলেন, ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা অভিনয়ের প্রতিভা অন্বেষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিশিষ্ঠ শিক্ষক মনোজিৎ ধর, নাট্যব্যক্তিত্ব প্রতিভা দে প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা অজয় দে। সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। উল্লেখ্য, দুইদিনের এই নাটক প্রতিযোগিতায় গোমতী জেলার তিনটি মহকুমা থেকে ১৮টি দল অংশগ্রহণ করেছে।

******